**West Bengal State University**

**B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015**

**PART – III**

# বাংলা — সাম্মানিক

**পঞ্চম পত্র**

সময় : ৪ ঘন্টা পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। সাহিত্যিক মহাকাব্যের স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো। বাংলা কবিতার ইতিহাসে একটি সার্থক সাহিত্যিক মহাকাব্য কোন্ কোন্ গুণে সাহিত্যিক মহাকাব্য বলে চিহ্নিত হয়েছে তা যথাযথ বিষয়ানুসারে আলোচনা করো। ১০ + ১০

অথবা

উদাহরণসহ যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০ + ১০

ক) পত্রকাব্য

খ) ওড বা স্তোত্রকবিতা

গ) শেকসপিয়রীয় সনেট।

২। ঊনবিংশ শতাব্দীর নবজাগৃতির পটভূমিতে 'বীরাঙ্গনাকাব্য'র বিষয় ও আঙ্গিকগত অভিনবত্ব আলোচনা করো। ১৬

অথবা

'বীরাঙ্গনাকাব্য' অবলম্বনে জনা পত্রিকা ও তারা পত্রিকা-র বিষয়ানুসারে এই দুই নায়িকাকে কী অর্থে 'বীরাঙ্গনা' বলা যেতে পারে বুঝিয়ে দাও। ১৬

৩। 'যেতে নাহি দিব' কবিতার সূচনা ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে, ক্রমশ সেই অভিজ্ঞতা প্রসারিত হয়েছে অন্যতর মাত্রায়। — প্রাসঙ্গিক কবিতায় এই ভাবনার সম্প্রসারণটি কীভাবে কাব্যভাষায় মূর্ত হয়েছে তা নিজের ভাষায় ব্যক্ত করো। ১৬

অথবা

'সোনার তরী' কাব্যগ্রন্থের প্রথম ও শেষ কবিতা দুটি অবলম্বনে কবি রবীন্দ্রনাথের সৌন্দর্যচেতনার স্বাতন্ত্র্য বিশ্লেষণ করো। ১৬

৪। তোমাদের পাঠ্য কবিতাগুলির বিষয় ও আঙ্গিক বিচার করে কাজী নজরুল ইসলামের কাব্যস্বভাব ও কাব্যভাবনার বিশেষ বিশেষ চারিত্র্যলক্ষণগুলি আলোচনা করো। ১৬

অথবা

প্রসঙ্গ উল্লেখ করে নিম্নলিখিত পঙ্‌ক্তিগুলির তাৎপর্য বিশ্লেষণ করো : ৮ + ৮

ক) 'বন্ধু গো, আর বলিতে পারি না, বড় বিষজ্বালা এই বুকে !
দেখিয়া শুনিয়া ক্ষেপিয়া গিয়াছি, তাই যাহা আসে কই মুখে !'

খ) হয় তো কেবলি গাহিয়াছি গান, হয় তো কহিনি কথা,
গানের বাণী সে শুধু কি বিলাস, মিছে তার আকুলতা ?

৫। 'বাবরের প্রার্থনা' কবিতার প্রেক্ষাপটে রয়েছে ইতিহাসের এক কিংবদন্তি, কিন্তু সেই প্রেক্ষাপটগত বাস্তবতা প্রসারিত হয়েছে আধুনিক ও সাম্প্রতিক যুগবাস্তবতায় — কবিতাটি অবলম্বনে ভাবনাটি বিস্তারিত করো। ১৬

অথবা

'পূর্বপুরুষ অনুপস্থিত রক্তে, তাই
ভারতবর্ষে আজকে তোমার নেই-কো ঠাঁই।'

— কার লেখা, কোন্ কবিতার অংশ ? দেশ, জাতি ও সমাজের কোন্ সংকট মুহূর্তে কবির এই কঠোর মন্তব্য তা বিশ্লেষণ করো। ২ + ১৪

৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করো : ১৬

"গলির মোড়ে বেলা যে পড়ে এলো
পুরনো সুর ফেরিওলার ডাকে,
দূরে বেতার বিছায় কোন্ মায়া
গ্যাসের আলো-জ্বালা এ দিনশেষে।

কাছেই পথে জলের কলে, সখা
কলসি কাঁখে চলছি মৃদু চালে,
হঠাৎ গ্রাম হৃদয়ে দিলো হানা
পড়লো মনে, খাসা জীবন সেথা।

সারা দুপুর দীঘির কালো জলে
গভীর বন দুধারে ফেলে ছায়া
ছিপে সে-ছায়া মাথায় করো যদি
পেতেও পারো কাৎলা মাছ, প্রিয়।

কিংবা দোঁহে উদার বাঁধা ঘাটে
অঙ্গে দেবো গেরুয়া বাস টেনে
দেখবে কেউ নর্ক বা কেউ জটা
কানাকড়িও কুঁড়েয় যাবে ফেলে।

**অথবা**

এত প্রেমকথা —
রাধিকার চিত্তদীর্ণ তীব্র ব্যাকুলতা
চুরি করি লইয়াছ কার মুখ, কার
আঁখি হতে ! তারি নারীহৃদয়-সঞ্চিত
তার ভাষা হতে তারে করিবে বঞ্চিত
চিরদিন !
আমাদেরি কুটিরকাননে
ফুটে পুষ্প, কেহ দেয় দেবতা-চরণে
কেহ রাখে প্রিয়জন-তরে — তাহে তাঁর
নাহি অসন্তোষ। এই প্রেমগীতি-হার
গাঁথা হয় নরনারী-মিলনমেলায়,
কেহ দেয় তাঁরে, কেহ বঁধুর গলায়।
দেবতারে যাহা দিতে পারি, দিই তাই
প্রিয়জনে — প্রিয়জনে যাহা দিতে পাই
তাই দিই দেবতারে, আর পাব কোথা !
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।

VIVEKANANDA VIDYABHAVAN LIBRARY

**BNGA(HN)-06**

# West Bengal State University

**B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015**

**PART – III**

## বাংলা — সাম্মানিক

### ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘন্টা পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।
প্রশ্নে একাধিক অংশ থাকলে প্রত্যেক অংশ আলাদা অনুচ্ছেদে লিখতে হবে।
দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

১। উপন্যাস ও ইতিকথা কি এক ? 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসটি কিভাবে চরিত্রগুলির অন্তর্লোকের ইতিকথা হয়েও উপন্যাসের ধর্ম বজায় রেখেছে — আলোচনা করো। ১৫

**অথবা**

'পুতুলনাচের ইতিকথা'য় বহু মানুষের মধ্যে বেঁচেও শশী নিঃসঙ্গ, একক। তাঁর এই একাকিত্ব ও নিঃসঙ্গতার স্বরূপ বিশ্লেষণ করো।

২। 'অরণ্যের অধিকার' উপন্যাসের ভূমিকায় মহাশ্বেতা দেবী জানিয়েছেন যে বীরসার বিদ্রোহ কেবলমাত্র এক বিদেশী সরকার ও তার শোষণের বিরুদ্ধে বিদ্রোহ নয়, একই সঙ্গে এ বিদ্রোহ সমকালীন ফিউডাল ব্যবস্থার বিরুদ্ধেও" — উপন্যাসে বিদ্রোহের সেই প্রকৃতি কতখানি প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ১৫

**অথবা**

'অরণ্যের অধিকার' উপন্যাসের অমূল্য আব্রাহাম চরিত্রটির উপযোগিতা সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।

৩। অতিপ্রাকৃতের বাতাবরণ 'ক্ষুধিত পাষাণ' গল্পটিকে কীভাবে একই সঙ্গে রহস্যময় ও অভিনব করে তুলেছে — বুঝিয়ে লেখো। ১৫

**অথবা**

'ল্যাবরেটরি' — সোহিনীর সৃষ্টিরও এক নতুন পরীক্ষা।
— মন্তব্যটির পরিপ্রেক্ষিতে সোহিনী চরিত্র পরিকল্পনায় রবীন্দ্রনাথের দুঃসাহসিক আধুনিকতার পরিচয় দাও।

৪। 'ফসিল' গল্পটি অবলম্বনে লেখকের আর্থ-সামাজিক সচেতনতার পরিচয় দাও। ১৫

**অথবা**

'অবতরণিকা' গল্পের শেষে আরতির নিঃশব্দ কান্নায় কিসের ভূমিকা রচিত হলো — গল্পটি বিশ্লেষণ করে তা বুঝিয়ে দাও।

৫। একদিকে সামাজিক-অর্থনৈতিক অসহায়তা, অন্যদিকে 'ভদ্রলোক' হওয়ার দায়, 'অশ্বমেধের ঘোড়া' গল্পে রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। — আলোচনা করো। ১৫

**অথবা**

'মতিলাল পাদরী' গল্পটি আসলে মানুষকে ভালোবাসার গল্প, মনুষ্যত্বের গল্প। — বুঝিয়ে লেখো।

৬। ক) 'পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন।' — কে, কাকে কথাটি বলেছে ? আড়ালে বসে যিনি খেলাচ্ছেন, তাঁর স্বরূপ সংক্ষেপে লেখো। ১ + ১ + ৩

**অথবা**

'আকাশের মেঘ ক্রমে নদীর জল বাড়ে — নইলে কি জগৎ চলে ছোটবাবু' — বক্তা কে ? সে এই কথাটির মধ্যে দিয়ে কী বোঝায়ে চেয়েছে ? ১ + ৪

খ) 'উলগুলানের শেষ নেই। ভগবানের মরণ নাই।' — 'উলগুলান' শব্দের অর্থ কী ? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে দাও। ১ + ৪

**অথবা**

"দুটো ছেলে আমার বড়, আরো হবে। লেখাপড়া জানলে ওরা কাছারির হাকিমের কথা বুঝবে।" — কে বলেছে, কাকে বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ৩

গ) 'এই বাক্যহীন মনুষ্যের মধ্যে বৃহৎ প্রকৃতির মতো একটা বিজন মহত্ত্ব আছে।' — এর তাৎপর্য বুঝিয়ে লেখো। ৫

**অথবা**

'আমার পরমায়ুর সমস্ত দিন রাত্রির মধ্যে সেই একটি মাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা। — কোন্ গল্পের অংশ ? 'সেই একটি মাত্র রাত্রি' তুচ্ছ জীবনের 'একমাত্র চরম সার্থকতা' হয়ে ওঠার অন্তর্নিহিত কারণ সংক্ষেপে লেখো। ১ + ৪

ঘ) 'এ বৌটার পরমায়ু আছে' — কে, কাকে এই কথা বলেছে ? বৌটার পরমায়ু থাকার কারণ উল্লেখ করো। ১ + ১ + ৩

অথবা

'লটারির টিকিট না কিনলে লটারিতে টাকা পাবার উপায় নাই, ভোটে না দাঁড়ালে এম.এল.এ. হবার উপায় নাই।' — মন্তব্যটি কার ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে লেখো। ১ + ৪

ঙ) 'মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায় নি। আমার বারবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে আমাদের বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে।' — কার উক্তি ? এর তাৎপর্য বুঝিয়ে লেখো। ১ + ৪

অথবা

এই দুই যুবক-যুবতী ভাঙাচোরা বাড়িটার তিনতলার একটা অন্ধকার ঘরে সারারাত্রি তন্দ্রাহীন নির্ঘুম চোখে নিঃশব্দে বসে থেকে সূর্যোদয়ের প্রতীক্ষা করতে লাগল।' — প্রসঙ্গ নির্দেশ করে 'সূর্যোদয়ের প্রতিক্ষা'-র ব্যঞ্জনাটি বুঝিয়ে দাও। ৩ + ২

**BNGA (HN)-07**

# West Bengal State University

**B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015**

**PART – III**

## বাংলা — সাম্মানিক

### সপ্তম পত্র

সময় : ৪ ঘন্টা — পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ + ১০ = ২০

ক) 'ব্যক্তিগত ডায়েরী' কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে তা পর্যালোচনা করে, একটি সার্থক ডায়েরিধর্মী সাহিত্যের পরিচয় দাও। ৬ + ৪

খ) রম্যরচনা কাকে বলে ? ব্যক্তিগত প্রবন্ধ ও রম্যরচনার মধ্যে পার্থক্য কোথায় ? বাংলা সাহিত্যের একটি রম্যরচনার দৃষ্টান্ত দাও । ৩ + ৩ + ৪

গ) ভ্রমণসাহিত্য কাকে বলে ? একটি সার্থক বাংলা ভ্রমণসাহিত্যের পরিচয় দাও । ৬ + ৪

ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও ( যে কোন দুটি ) ঃ ৫ + ৫

(অ) পত্রসাহিত্য, (আ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ, (ই) তুলনামূলক সাহিত্য সমালোচনা পদ্ধতি ।

২। বাংলা গদ্যধারায় 'কমলাকান্তের দপ্তর' এক নতুন গদ্যরীতির প্রবর্তন করেছিল — আলোচনা করুন । ১৫

**অথবা**

'কমলাকান্তের দপ্তর' ও 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্ম-উপলব্ধির যে পরিচয় ফুটে উঠেছে, তা বিশদভাবে আলোচনা করো । ১৫

৩। 'ছিন্নপত্র' নিছক কতকগুলি পত্রের সমাবেশ নয়, তার মধ্য দিয়ে পত্রসাহিত্যের যে বিশেষ লক্ষণগুলি ফুটে উঠেছে, সে বিষয়ে তোমার মতামত আলোচনা করো । ১৫

অথবা

'ছিন্নপত্রে' তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্বপ্রকৃতির সঙ্গে কবির নিবিড় সম্পর্কের যে পরিচয় পাও তার স্বরূপ পরিস্ফুট করো । ১৫

৪। 'পটুয়া শিল্প' প্রবন্ধে প্রাবন্ধিক যামিনী রায় বলেছেন — "সব ছবিরই দুটো দিক থাকে; বলবার কথা আর বলবার ভাষা । প্রসঙ্গ আর আঙ্গিক" — পটুয়া ছবিকে এই দুই দিক থেকে কেমনভাবে লেখক বিচার করেছেন আলোচনা করো । ৭$\frac{১}{২}$ + ৭$\frac{১}{২}$

অথবা

মাতৃভাষাকে শিক্ষায় সর্বস্তরে ব্যবহার করার ক্ষেত্রে প্রবন্ধিক প্রদত্ত যুক্তিগুলি বিশ্লেষণ করুন । বিজ্ঞান চর্চার ক্ষেত্রে মাতৃভাষার ব্যবহার কতটা কার্যকর হতে পারে, সে বিষয়ে লেখকের অভিমত আলোচনা করো ।

৭$\frac{১}{২}$ + ৭$\frac{১}{২}$

৫। ঈশ্বর গুপ্ত বাংলার কবি — মন্তব্যটি কে, কোন্ অর্থে প্রয়োগ করেছিলেন ? প্রাবন্ধিক এই মন্তব্যকে কীভাবে ব্যাখ্যা করেছেন, আলোচনা করো । ৫ + ১০

অথবা

"রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা ও অবাস্তবতা" — কোন্ প্রবন্ধে কার উক্তি ? এই অভিযোগ লেখক কীভাবে খন্ডন করেছেন, বুঝিয়ে দাও । ১৫

৬। নিম্নলিখিত যেকোন **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ২০

ক) বাঙলার লোকসাহিত্য

খ) মধ্যযুগের সাহিত্যে মানবতাবাদ

গ) শরৎ সাহিত্যে নারী

ঘ) বঙ্কিমের উপন্যাসে ইতিহাস ও রোমান্সের মিশ্রণ

ঙ) রবীন্দ্রসাহিত্যে নারীমুক্তির ভাবনা

চ) বিশ্বযুদ্ধ পরবর্তী বাঙলা ছোটগল্প ।

**BNGA (HN)-08**

## West Bengal State University

### B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015

### PART – III

## বাংলা — সাম্মানিক

### অষ্টম পত্র

সময় : ৪ ঘন্টা পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

প্রশ্নে একাধিক অংশ থাকলে প্রত্যেক অংশ পৃথক অনুচ্ছেদে লিখবে।

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১৫

ক) কালিদাস রচিত নাটকগুলির নাম লেখো । সংক্ষেপে সেগুলির পরিচয় দাও । তাদের মধ্যে কোনটিকে শ্রেষ্ঠ বলে মনে কর তা লেখো । ৩ + ১০ + ২

খ) জয়দেবের 'গীতগোবিন্দম্' কাব্যটির পরিচয় দাও । বাংলা সাহিত্যে 'গীতগোবিন্দম্'-এর প্রভাব কতখানি তা লেখো । ১০ + ৫

গ) বাণভট্টের 'কাদম্বরী'র পরিচয় দাও এবং এই গ্রন্থের বিশেষত্ব নির্ধারণ করো । ১০ + ৫

২। যে-কোনো **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৫

মেঘদূতম্, উত্তররামচরিত, মৃচ্ছকটিক, ঋতুসংহার, হর্ষচরিত ।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১৫

ক) 'লিটারারি এপিক' রচনায় জন মিলটনের কৃতিত্ব নির্ণয় করো ।

খ) উনিশ শতকের ইংলণ্ডের সমাজচিত্র বর্ণনায় এবং চরিত্র সৃষ্টিতে চার্লস ডিকেন্সের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও । প্রসঙ্গত বাংলা সাহিত্যে তাঁর কোনো প্রভাব আছে কিনা তা দেখাও। ১০ + ৫

গ) "প্রকৃতির সাধনায় ওয়ার্ডস্‌ওয়ার্থ ও রবীন্দ্রনাথ দুজনের কাছেই প্রকৃতি প্রাণময়ী এবং প্রকৃতি ও মানব এক চিরন্তন সত্তার দ্বৈতপ্রকাশ ।" — ওয়ার্ডস্‌ওয়ার্থের কবি বৈশিষ্ট্যের পরিচয় দিয়ে এবং রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর মিল কোথায় তা উল্লেখ করে উদ্ধৃত বক্তব্যের যথার্থতা বিচার করো ।

৪। যে-কোনো **একটি** বিষয়ে টীকা লেখো ঃ ৫

ক) জন কীট্‌সের "ওড"

খ) প্রমেথিউস আনবাউন্ড

গ) শেক্সপীয়রের সনেট

ঘ) আইভ্যানহো

ঙ) ম্যান এণ্ড সুপারম্যান ।

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১৫

ক) আধুনিক হিন্দী সাহিত্যে 'ভারতেন্দু যুগ' বলতে কী বোঝো, ভারতেন্দু হরিশচন্দ্রের সাহিত্যকৃতির আলোচনা করে তা ব্যাখ্যা করো ।

খ) ছায়াবাদী সাহিত্য কাকে বলে ? হিন্দী সাহিত্যে ছায়াবাদী কবি হিসাবে 'নিরালা'-র পরিচয় পরিস্ফুট করো । ৩ + ১২

গ) প্রাবন্ধিক হিসাবে মহাদেবী বর্মার কৃতিত্বের পরিচয় দাও ।

৬। যে-কোনো **দুটি** বিষয়ে আলোচনা করো ঃ ২ × ৫ = ১০

গোদান, সদ্‌গতি, অনামিকা, নীহার, জুলুস, কায়াকল্প ।

৭। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১৫

ক) "কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা ; কথা নয় ধ্বনি, রসধ্বনি ।" — আলোচনা করো ।

খ) বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে কীভাবে রসনিষ্পত্তি হয় তা বুঝিয়ে দাও ।

গ) 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' মতটির প্রবক্তা কে ? এই মতটির ব্যাখ্যা করে এর গ্রহণযোগ্যতা নির্ণয় করো । ১ + ৭ + ৭

৮। টীকা লেখো ( যে কোনো **একটি** ) ঃ ৫

ক) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ

খ) সাধারণীকৃতিঃ

গ) নবরস ।

৯। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১৫

ক) "বস্তুত বহিঃপ্রকৃতি এবং মানবচরিত্র মানুষের হৃদয়ের মধ্যে অনুক্ষণ যে আকার ধারণ করিতেছে, যে সংগীত ধ্বনিত করিয়া তুলিতেছে, ভাষারচিত সেই চিত্র এবং গানই সাহিত্য ।" — কীভাবে বাইরের জগৎ হৃদয়ের মধ্যে প্রবেশ করে আর-একটা জগৎ হয়ে উঠছে এবং কীভাবে তা সাহিত্য হয়ে উঠছে, রবীন্দ্রনাথের অনুসরণে তার ব্যাখ্যা করো ।

খ) "এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আর্শি নহে । কেবল সাহিত্য কেন কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে ।" — সাহিত্য বা শিল্পে 'অনুকরণ' সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য কী তা আলোচনা করে দেখাও ।

গ) উদ্ধৃতি দুটির ব্যাখ্যা করো ঃ $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

i) "যথার্থ সৌন্দর্য সমাহিত সাধকের কাছেই প্রত্যক্ষ, লোলুপ ভোগীর কাছে নহে ।"

ii) "সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ ।"